

বানান শুদ্ধ করিয়া লেখা প্রসঙ্গে

১৯৫২ সাল, ২১শে ফেব্রুয়ারী। পুলিশ যখন গুলীবর্ষণ করে, তখন হাজার হাজার ছাত্র-জনতার মধ্যে আমিও ছিলাম। লাল রক্ত সবুজ ঘাসের উপর দেখিয়াছি। মেডিক্যাল কলেজের মি. আজমল, সাইদ হায়দার, জি. মাওলা আরও অনেকের উপস্থিতির কথা মনে আছে। ইতিপূর্বে একুশে ফেব্রুয়ারিতে শহীদ মিনারে যাই নাই। এইবার গিয়াছিলাম পুষ্পাঞ্জলি দিতে। দেখিলাম জনতার ভিড় ও শত শত ব্যানার। কিন্তু বানান ভুলও কম দেখি নাই। কোন ব্যানারে দেখিলাম 'বশুদ্ধ ছালাম', কোন ব্যানারে 'শুদ্ধাঞ্জলী', আবার কোথাও 'আমরা গর্বিত'। শুদ্ধ হইবে 'সশুদ্ধ সালাম', 'শুদ্ধাঞ্জলি', 'আমরা গর্বিত' আবার দেখিলাম, 'ফেব্রুয়ারী', 'একাডেমী'। এসব ক্ষেত্রে হইবে 'ফেব্রুয়ারি', 'অ্যাকাডেমি'।

দোকানপাট ও অফিসের সাইন বোর্ডে, প্রচার মাধ্যমগুলির বিজ্ঞাপনে, পুস্তকে ও পত্রিকায় প্রচুর ভুল বানান দেখা যায়। বিদেশি শব্দেই ভুল বানান বেশি। কোনটি ভুল বানান আর কোনটি শুদ্ধ বানান- তাহা বুঝিতে হইলে নিম্নে বর্ণিত ব্যাকরণের কিছু নিয়ম অনুশীলন করিতে হইবে।

১. স্ত্রীবাচক ও কতিপয় ব্যতিক্রম শব্দ ব্যতীত, শব্দশেষে 'ী-কার' হয় না। যেমন : সরকারি, শতাব্দি, ফেব্রুয়ারি, অ্যাকাডেমি ইত্যাদি।

২. বিদেশি শব্দে ঈ, উ, ঋ, ঌ, হ্রস্ব, ঐ, ঔ, ঋ, ঌ হয় না। যেমন : কুইন, উইক, প্রিন্সিপাল, ইন্সটান, গভর্নর, বেঞ্চ, কো. লি. ইত্যাদি।

৩. বিদেশি শব্দে 'ী-কার' 'ী-কার' ও 'ী-কার' হয় না। যেমন : গ্রিন স্ক্রিট, ক্রিম, স্কুল রুম, ব্রিটেন, ক্রিস্টাল ইত্যাদি।

৪. বিদেশি শব্দে 'অ্যা' হয়। কিন্তু 'এ্যা' হয় না। যেমন- অ্যাডভোকেট, অ্যাভিনিউ, অ্যাণ্ড, অ্যানাটমি ইত্যাদি।

৫. SH ও TION-এর জন্য কেবলই 'শ' হইবে। 'স' বা 'ষ' হইবে না। যেমন, SHOP শপ, SHOE - শু, BRITISH ব্রিটিশ, STATION- স্টেশন ইত্যাদি।

৬. S, SS, CE-র জন্য

সাধারণত 'স' হইবে। 'ষ' বা 'শ' হইবে না। যেমন- SANITARY স্যানিটারি, CLASS ক্লাস, NOTICE নোটিস, POLICE পুলিশ ইত্যাদি।

৭. NT-র জন্য সর্বদাই 'নট' হইবে। 'ন্ট' হইবে না। যেমন CLINTON-ক্লিনটন, CANTONMENT-ক্যান্টনমেন্ট ইত্যাদি।

৮. ST-র জন্য সর্বদাই 'স্ট' হইবে। 'স্ট' হইবে না। যেমন : STATION-স্টেশন, POST MASTER-পোস্ট মাস্টার, BRISTOL-ব্রিস্টল, INDUSTRY-ইনডাস্ট্রি, BARRISTER-ব্যারিস্টার ইত্যাদি।

৯. Y-র জন্য বাংলায় 'এ' হয়। যেমন : BAY-বে, DAY ডে, MAY-মে ইত্যাদি। Y-র জন্য বাংলায় 'ই' হয়, 'ঈ' হয় না। যেমন : BY-বাই, BUY-বাই, CRY-ক্রাই, TRY-ট্রাই, WHY-হুয়াই ইত্যাদি। শব্দের আদিতে Y-র জন্য বাংলায় 'ই' হয়, 'ঈ' হয় না। যেমন : YES-ইয়েস, YELLOW-ইয়েলো, YOLK-ইয়ক ইত্যাদি। শব্দের মধ্যে Y-র জন্য বাংলায় 'কার' হয়। 'ী-কার' হয় না। যেমন : DYSENTERY-ডিসেনট্রি, CYST-সিস্ট, SYSTEM-সিস্টেম, PYRAMID-পিরামিড ইত্যাদি। শব্দের আন্ত Y-র জন্য সর্বদাই 'কার' হইবে 'কখনও' 'ী-কার' হইবে না। যেমন : ARMY-আর্মি, MILITARY-মিলিটারি, SANITARY-স্যানিটারি, SECRETARY-সেক্রেটারি, SURGERY-সার্জারি, CITY-সিটি, KEY-কি, KENNEDY-কেনেডি, KIDNEY-কিডনি, PHARMACY-ফার্মাসি, RALLY-র্যালি, LOTTERY-লটারি, JEWELLERY-জুয়েলারি, CONFECTIONERY-কনফেকশনারি, STATIONERY-স্টেশনারি, DICTIONARY-ডিকশনারি ইত্যাদি।

উল্লিখিত নিয়মগুলি জানা থাকিলে বানান ভুল হইবার কোন সম্ভাবনা থাকে না। এদিকে লক্ষ রাখিলে বাংলা ভাষার প্রতি আমাদের ভালোবাসাই প্রকাশ পাইবে। আর ভালোবাসার ভালো ভাষা যে মাতৃভাষা, কে না তখন বুঝিবে?

লে. কর্নেল (অব) এইচ আহমেদ,
ময়মনসিংহ-২২২০।

59